# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

[اعرض هذه الوثيقة باللغة العربية](#) / [এই নথি বা ডকুমেন্টটি বাংলায় দেখুন](#)
[查看本文件的中文版](#) / [Consultez ce document en français](#) / [Gade dokiman sa a an kreyòl ayisyen](#)
[이 문서를 한국어로 보기](#) / [Consulte este documento en español](#)
[یہ دستاویز اردو میں ملاحظہ کریں](#) / [Перевод документа на русский язык](#)
[schools.nyc.gov/messagesforfamilies](#)

## 27 মে, 2024-এর সপ্তাহ

এই পরিবারদের জন্য সর্বসাম্প্রতিক তথ্য সামার স্কুল, গ্রীষ্মে প্রদত্ত খাবার বা সামার মিলস্, গ্রীষ্মকালীন খেলাধুলার কর্মসূচি, হাই স্কুল শিক্ষার্থীদের জন্য বিভিন্ন সুযোগ ও সহায়তা, এবং বছরব্যাপী অব্যাহতভাবে পড়ার (রিডিং) দক্ষতা গড়ে তুলতে পরিবারদের সহায়তা দেয়ার জন্য বিভিন্ন তথ্য-সংস্থান প্রদান করে।

## বিষয়সূচি:


- সামার স্কুল
- সামার মিলস (গ্রীষ্মে প্রদত্ত খাবার)
- পাবলিক স্কুল অ্যাথলেটিক লিগ (PSAL) হাই স্কুল সামার প্রোগ্রাম
- সামার বা গ্রীষ্মে শেখার সুযোগসমূহ
- সামার রিডিং (গ্রীষ্মে বই পড়া)


## সামার স্কুল

প্রতি মে এবং জুন মাসে, নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর (NYCPS) শিক্ষকগণ শিক্ষার্থীরা পরবর্তী গ্রেড স্তরের জন্য প্রস্তুত কিনা তা নির্ধারণ করতে একাধিক পদক্ষেপ ব্যবহার করে তাদের অগ্রগতি মূল্যায়ন করেন। যেসব শিক্ষার্থী এখনও যথেষ্ট অগ্রগতি অর্জন **করেনি** তাদের পরিবারদেরকে **জুন মাসের মাঝামাঝি** চিঠির মাধ্যমে অবহিত করা হবে।

যদি আপনার শিক্ষার্থী 3-8 গ্রেডে পড়ছে এবং জুন মাসে প্রোমোশন না পায়, তবে তাকে অবশ্যই সামার স্কুলে অংশগ্রহণ করতে হবে। যদি আপনার শিক্ষার্থী সামার রাইজিং-এ (Summer Rising) আসন না পায়, তবে সে শুধুমাত্র শিক্ষায়তনিক (অ্যাকাডেমিক) অংশে যোগ দেবে। চিঠিতে তারিখ ও সময় সংক্রান্ত বিস্তারিত নির্দেশাবলী থাকবে। সামার স্কুল শেষে, স্কুল শিক্ষার্থীর পরবর্তী বছরের গ্রেড স্তরের বিষয়ে একটি চূড়ান্ত সিদ্ধান্ত নেবে। K থেকে 2 এবং 9 থেকে 12 গ্রেডের শিক্ষার্থীদেরও সামার স্কুলে পড়ার সুযোগ থাকতে পারে।

আরও তথ্যের জন্য অনুগ্রহ করে schools.nyc.gov/ SummerSchool দেখুন।

## সামার মিলস (গ্রীষ্মে প্রদত্ত খাবার)

যখন স্কুল ছুটি থাকে, তখনও শিক্ষার্থীরা NYC পাবলিক স্কুলস্-এর মাধ্যমে বিনামূল্যে ব্রেকফাস্ট এবং লাঞ্চ উপভোগ করতে পারে! আমাদের 2024 ফ্রি সামার মিলস (গ্রীষ্মে প্রদত্ত খাবার) প্রোগ্রাম নিউ ইয়র্ক সিটি জুড়ে সর্বত্র পাওয়া যাবে এবং 18 বছর বা এরচেয়ে কম বয়সীদের জন্য কোনো খরচ নেই। **27** জুন থেকে **30** অগাস্ট পর্যন্ত, আপনি এই খাবার নির্ধারিত NYC পাবলিক স্কুলস্, কমিউনিটি পুল সেন্টার, পার্ক এবং লাইব্রেরিতে পেতে পারেন। এই খাবার পেতে আপনাকে অগ্রিম সাইন আপ কিংবা পরিচয়পত্র (আইডেন্টিফিকেশন) প্রদান করতে হবে না। শুধু একটি সামার মিলস (গ্রীষ্মে প্রদত্ত খাবার) স্থানে উপস্থিত হোন এবং খাবার উপভোগ করুন। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে schools.nyc.gov/ summermeals দেখুন।

সকল তারিখ, সময়, স্থান এবং মেন্যু পরিবর্তিত হতে পারে।

- কার্য-পরিচালনার তারিখসমূহ: বৃহস্পতিবার, 27 জুন - শুক্রবার, 30 অগাস্ট, 2024
- ব্রেকফাস্ট পরিবেশনের সময়: 8–9:15 a.m.
- লাঞ্চ পরিবেশনের সময়: 11 a.m.–1:15 p.m.
- ***কোনো পরিষেবা নেই*** বৃহস্পতিবার, 4 জুলাই, 2024 (স্বাধীনতা দিবস)

## পাবলিক স্কুল অ্যাথলেটিক লিগ (PSAL) হাই স্কুল সামার প্রোগ্রাম

গ্রীষ্মকালীন খেলাধুলার জন্য প্রস্তুত হোন! এই গ্রীষ্মে (সামারে), NYC হাই স্কুলের শিক্ষার্থীরা পাঁচ বরো জুড়ে বাছাইকৃত বিভিন্ন হাই স্কুলে বিনামূল্যে বিভিন্ন খেলাধুলা প্রশিক্ষণ, সুস্বাস্থ্য এবং শরীরচর্চা, স্পোর্টস্-নির্দিষ্ট দক্ষতা উন্নয়ন, এবং বিনোদনমূলক কার্যক্রম উপভোগ করতে পারে। পাবলিক স্কুলস্ অ্যাথলেটিক লীগ (PSAL) হাই স্কুল সামার স্পোর্টস, ফিটনেস এবং রিক্রিয়েশন প্রোগ্রামটি 10 জুলাই থেকে শুরু করে 13 অগাস্ট পর্যন্ত, প্রতিদিন **সোমবার থেকে বৃহস্পতিবার**, বিকেল **3:00 - 6:00 p.m.** পর্যন্ত চলবে। পুরো গ্রীষ্ম (সামার) জুড়ে শিক্ষার্থীদের বিভিন্ন খেলাধুলা/কার্যকলাপ প্রদান করতে, দুটি সেশন থাকবে:

অধিবেশন (সেশন) 1: বুধবার, 10 জুলাই – বৃহস্পতিবার, 25 জুলাই
অধিবেশন (সেশন) 2: সোমবার, 29 জুলাই - মঙ্গলবার, 13 অগাস্ট

এই কর্মসূচিটি 2024-এর হেমন্তে (ফল) 9-12 গ্রেডে প্রবেশকারী সকল NYC শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত। ঐ সাইটে PSAL সামার প্রোগ্রামে (গ্রীষ্মকালীন কর্মসূচিতে) অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদেরকে নিয়মিত শিক্ষা বছরে তাদের বেছে নেয়া স্কুলের সাইটে স্কুলে পড়ার প্রয়োজন নেই। শিক্ষার্থীরা **3 জুন** থেকে শুরু করে psal.org/events-and-standings/summer.aspx -এ প্রোগ্রাম সম্পর্কে বিস্তারিত তথ্য খুঁজতে এবং 2024-এর গ্রীষ্মের (সামার) জন্য প্রোগ্রামে রেজিস্টার করতে পারে।

প্রতিটি সাইটে আসন সংখ্যা সীমিত। **অনুগ্রহ করে যেকোনো সেশনের জন্য শুধু একটি সাইট এবং একটি প্রোগ্রাম বেছে নেবেন।** রেজিস্ট্রেশন জমা দেয়ার পর, যদি বাছাইকৃত সাইট ও প্রোগ্রামের জন্য শিক্ষার্থী অনুমোদিত হলে, তালিকাভুক্ত পিতামাতা অথবা অভিভাবককে ইমেইলের মাধ্যমে অবহিত করা হবে। যদি বাছাইকৃত সাইট ও প্রোগ্রামে স্থান সঙ্কুলান না হয়, তবে শিক্ষার্থীদের অন্য কোনো সাইট/প্রোগ্রামে রেজিস্টার করতে উৎসাহিত করা হয়।

# গ্রীষ্মে (সামারে) শেখার বিভিন্ন সুযোগ

**CUNY কলেজ নাও**

2024-এর সামার সেমেস্টারের জন্য, CUNY কলেজ নাও (College Now) অনলাইনের, সশরীরে উপস্থিতির ও হাইব্রিড (উভয়ের সমন্বয়ের) কোর্সসমূহ অফার করবে, যা 2024-এর সেপ্টেম্বরে 11 কিংবা 12 গ্রেডে প্রবেশকারী NYC পাবলিক স্কুল শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত। বিনাখরচে অংশগ্রহণ করা যাবে। আরো তথ্যের জন্য, k16.cuny.edu/collegenow/summer-programs দেখুন।

**সামার ডিজাইন ইন্সটিটিউট**

যেসব হাই স্কুলের শিক্ষার্থী হাতে-কলমে শেখার অভিজ্ঞতা অর্জনের সুযোগ খুঁজছে (একটি বৃত্তি বা স্টাইপেন্ড অর্জনের সুযোগ সহ), তারা আমাদের ক্যারিয়ার অ্যান্ড টেকনিক্যাল এডুকেশন (CTE) সাইটগুলোর একটিতে NYCPS সামার ডিজাইন ইন্সটিটিউট-এ আবেদন করতে আমন্ত্রিত।  এই ছয় সপ্তাহের প্রোগ্রামগুলো কম্পিউটার সায়েন্স, ইঞ্জিনিয়ারিং, মিডিয়া আর্টস্, অ্যাডভার্টাইজিং (বিজ্ঞাপন সংক্রান্ত) এবং ডিজিটাল ডিজাইন, গেম ডিজাইন, এবং ফ্যাশন ডিজাইনের মত ক্ষেত্রগুলোতে শিক্ষার্থীদেরকে ইন্ডাস্ট্রি অংশীদারদের পাঁশে বিভিন্ন প্রজেক্টে কাজ করার সুযোগ অফার করে।  যেসব শিক্ষার্থী তাদের প্রজেক্টগুলো সফলভাবে সম্পন্ন করে, তারা বৃত্তি (স্টাইপেন্ড) পাবার যোগ্য। CTE এবং CTE-নয় এমন শিক্ষার্থীরা স্বাগত।  প্রতিটি স্কুলের প্রোগ্রামসমূহ এবং আবেদন প্রক্রিয়া সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে ইংরেজি এবং অনুবাদিত ভাষায় প্রোগ্রামের ফ্লায়ার দেখুন: bit.ly/4bX54NV

**কলেজ এবং ক্যারিয়ারের জন্য পরামর্শ**

হাই স্কুল শিক্ষার্থীরা তাদের ভবিষ্যৎ পরিকল্পনা ও ফলপ্রসূ করতে সহায়তা পেতে প্রতি সপ্তাহে টেক্সট মেসেজ পেতে কলেজ অ্যান্ড ক্যারিয়ার অ্যাডভাইজিং-এর টেক্সটের জন্য schools.nyc.gov/choosing-the-right-path -সাইটে সাইন আপ করতে পারে। টেক্সটসমূহের মধ্যে রয়েছে কিশোর-কিশোরীদের চাকুরীর সুযোগ, স্কলারশীপ সংক্রান্ত তথ্য, কর্মশালায় অংশগ্রহণ, এবং শেষ সময়সীমা স্মরণ করিয়ে দেয়া। বাড়তি সহায়তার জন্য, কলেজ অ্যান্ড ক্যারিয়ার অ্যাডভাইজিং শিক্ষার্থীদের জন্য আফটার স্কুল ও সপ্তাহান্তে (উইকেন্ডে) বিনা খরচের, এককভাবে প্রদত্ত দক্ষ অ্যাডভাইজারদের সাথে ভার্চুয়াল মিটিংয়ের আয়োজন করতে পারে। যেসব শিক্ষার্থী 2024-এ গ্র্যাজুয়েট হবে, কলেজ অ্যান্ড ক্যারিয়ার অ্যাডভাইজিং-এর টেক্সট ব্যবহার করে তাদের কলেজ অ্যান্ড ক্যারিয়ার ব্রিজ কোচের সাথে সংযুক্ত হতে পারেন, এরা হচ্ছেন নব্য গ্র্যাজুয়েটদের হাই স্কুল এবং কলেজ ও ক্যারিয়ার পথযাত্রার পরবর্তী ধাপসমূহের মধ্যে সেতুবন্ধনে সহায়তার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত কলেজের বর্তমান শিক্ষার্থীবৃন্দ। আরো জানতে schools.nyc.gov/choosing-the-right-path দেখুন।

# সামার রিডিং (গ্রীষ্মে বই পড়া)

পড়া আর যেকোনো দক্ষতার মতোই: অনুশীলন করতে হয়! গ্রীষ্ম জুড়ে, আপনার সন্তানের সাথে একসাথে বই পড়া তার সাক্ষরতার দক্ষতা বিকাশ অব্যাহত রাখবে এবং ক্লাসরুম থেকে দূরে থাকার সময় তারা যা ভুলে যাচ্ছে তা এড়াতে সহায়তা করতে পারে।

আমাদের **সামার রিডিং গাইড**—যা অনলাইনে schools.nyc.gov/LiteracyResources-এ লভ্য—আপনার পরিবারের পরবর্তী পড়ার অভিযানে প্রথম পদক্ষেপ হিসেবে চমৎকার। এতে রয়েছে বাড়িতে পড়ার বিভিন্ন পরামর্শ, সকল গ্রেড স্তরের শিক্ষার্থীদের জন্য সুপারিশকৃত বইয়ের নাম, যেখানে আপনি বই খুঁজে পেতে পারেন সেই তথ্য-সংস্থান, এবং আরো অনেক কিছু। এই গাইডের পাশাপাশি, আমাদের সাক্ষরতা বিষয়ক তথ্য-সংস্থানের (লিটারেসি রিসোর্স) ওয়েবপেজ-এ বাড়িতে করার মত বিভিন্ন কর্মকাণ্ড এবং পড়ার অন্যান্য সুপারিশের তালিকাও তুলে ধরে, যা পড়া ও শেখার প্রতি একটি জীবনভর ভালোবাসা গড়ে তুলতে সহায়তা করবে।

এই গ্রীষ্মে (সামারে), আমরা আপনাকে আমাদের সিটিওয়াইড ডিজিটাল লাইব্রেরি, **সোরা (Sora)**, ব্যবহার করতে উৎসাহিত করছি। সোরা (Sora) হচ্ছে NYC শিক্ষার্থীদের জন্য বিভিন্ন ভাষায় হাজার হাজার ই-বুক এবং অডিওবুক পাবার দ্রুততম এবং সহজতম উপায়। আপনি soraapp.com/library/nycschools -এ আপনার NYC পাবলিক স্কুলের ক্রেডেনশিয়াল (পরিচয়মূলক তথ্য) ব্যবহার করে সোরা-এ (Sora) লগ ইন করতে পারেন।